



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা  
চট্টগ্রাম  
প্রেস বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদযাপন

০৮ মার্চ ২০১৯ খ্রি.

আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উপলক্ষে ০৮ মার্চ ২০১৯ খ্রি. শুক্রবার সকালে এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য ‘উন্নয়নের মূল কথা, নারী-পুরুষের সমতা’ শ্লোগান খচিত ব্যানার, প্লে-কার্ড, ফেস্টুন এবং শিক্ষার্থীদের মাথায় ক্যাপ পরিহিত র্যালিটি মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীনের নেতৃত্বে নগর ভবনস্থ বঙ্গবন্ধু চত্বর থেকে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনঃরায় নগর ভবনে এসে শেষ হয়। পূর্বাহ্নে মেয়র বেলুন উড়িয়ে ব্যালির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এই সময় মাননীয় মেয়রের সাথে উপস্থিত ছিলেন সম্মানিত কাউন্সিলর এম আশরাফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর মোহাম্মদ শফিউল আলম, সংরক্ষিত সম্মানিত কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, সংরক্ষিত সম্মানিত কাউন্সিলর নিলু নাগ, সচিব মোহাম্মদ আবু শাহেদ চৌধুরী, প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়াসহ কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীরা।

উদ্বোধনকালে মেয়র বলেন, সারা বিশ্বের সাথে বাংলাদেশও সমান তালে এগিয়ে যাচ্ছে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ বাস্তবায়ন এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়নে নারী-পুরুষ সবাইকে সম্মিলিত ভাবে দেশকে এগিয়ে নিতে হবে। এই প্রসঙ্গে মেয়র বলেন, নারীর ক্ষমতায়নে বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। নারী শিক্ষার হার বাড়াতে শিক্ষার্থীদের স্কুলে বৃত্তি ভাতা প্রদান করা হচ্ছে। উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষাক্রমে ও বিনা মূল্যে পাঠ্যপুস্তক প্রদান করা হচ্ছে। যাতে নারীরা এগিয়ে যেতে পারে। মেয়র আরো বলেন, নারী জাগরণে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক পর্যায়ে বিশেষ ভূমিকা পালন করছে। সমাজিক কর্মকাণ্ডে, রাজনীতি, বিচার বিভাগ, প্রশাসন, অর্থ, শিক্ষা, চিকিৎসা, সশস্ত্র বাহিনী ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সর্বক্ষেত্রে নারীর সফল পদচারণায় দেশ এগিয়ে যাচ্ছে। এক্ষেত্রে দেশের সকল উন্নয়ন ও অগ্রগতির অংশীদার হিসেবে পুরুষের পাশাপাশি নারী সমাজের অংশগ্রহণের কথা উল্লেখ মেয়র বলেন নারী ক্ষমতায়ন, সমতা ও উন্নয়নের মূলশ্রোত ধারায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। উন্নয়নের সর্বস্তরে নারী-পুরুষের সম-মযাদার্য ও সম্মিলিত প্রয়াসে রূপকল্প ২০৪১ এর পূর্বে বাংলাদেশ ক্ষুধা, দারিদ্র মুক্ত এবং সমৃদ্ধশালী ও শান্তিময় দেশ হিসেবে আত্মপ্রকাশ করবে বলে মেয়র আশাবাদ ব্যক্ত করেন।

টাউন ফেডারেশন : এদিকে মহান “আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উপলক্ষে” সবাই মিলে ভাবো, নতুন কিছু করো, নারী-পুরুষ সমতার নতুন বিশ্ব গড়ো” এই শ্লোগানে, টাউন ফেডারেশন, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আয়োজনে আজ সকালে নাছিরাবাদ ডাঃ মকবুল আহম্মদ প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। টাউন ফেডারেশনের টাউন ম্যানেজার, ড. সোহেল ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সম্মানিত কাউন্সিলর, মোঃ মোরশেদ আলম বঙ্গবন্ধু প্রজন্মলীগ, কেন্দ্রীয় কার্য নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক ইঞ্জিনিয়ার আবু মোহাম্মদ মহিউদ্দিনসহ টাউন ফেডারেশনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা